প্রথম আলো

তারিখ 20 JAN 2009
পৃষ্ঠা ৭ কলাম ৪

কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষা ২৫ ও ২৬ জানুয়ারি

ত্রিশাল প্রতিনিধি ● ময়মনসিংহ

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখ পুনর্নির্ধারণ করা হয়েছে। ভর্তি পরীক্ষার তারিখ ২৯ ও ৩০ জানুয়ারির পরিবর্তে ২৫ ও ২৬ জানুয়ারি নির্ধারণ করা হয়েছে। গত ১১ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় ওই সিদ্ধান্ত নেওয়া হয়।

রেজিস্ট্রার আমিনুল ইসলাম জানান, এ বছর স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ২৮৫টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নেবেন ১০ হাজার ১০৮ জন শিক্ষার্থী। এর মধ্যে রোল ০১ থেকে ২০০০ পর্যন্ত শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিজ্ঞান ও কলা বিভাগের শ্রেণীকক্ষে এবং অবশিষ্ট শিক্ষার্থীরা পার্শ্ববর্তী দুখু মিয়া বিদ্যানিকেতন ক্যাম্পাসের শ্রেণীকক্ষে ভর্তি পরীক্ষায় অংশ নেবেন।

২৫ জানুয়ারি রোববার সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত 'ক' ইউনিট, দুপুর ১২টা থেকে একটা পর্যন্ত 'খ' ইউনিট, দুপুর দুইটা থেকে বিকেল তিনটা পর্যন্ত 'গ' ইউনিট এবং ২৬ জানুয়ারি সোমবার বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত 'ঘ' ইউনিট, দুপুর দুইটা থেকে বিকেল তিনটা পর্যন্ত 'ঙ' ইউনিট ও বিকেল চারটা থেকে পাঁচটা পর্যন্ত 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।